আজকের কাগজ

তারিখ 0 9 OCT 1993
পৃষ্ঠা ৮ কলাম ৪

72

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের কর্মবিরতির কর্মসূচি অব্যাহত থাকবে

গতকাল—ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের স্টাডিং কমিটির এক সভা ফেডারেশন সভাপতি অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিরাজমান পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন বিশ্ববিদ্যালয়সহ দেশের শিক্ষাঙ্গনসমূহে সন্ত্রাসী তৎপরতা অব্যাহত থাকা এবং ফেডারেশন কর্তৃক ইতিপূর্বে পেশকৃত দাবিসমূহ এখনও সম্পূর্ণ পূরণ না হওয়ায় সভায় ক্ষোভ প্রকাশ করা হয়। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতির কিছু ইতিবাচক পরিবর্তন হলেও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি এখনও বিস্ফোরণোন্মুখ ও অনিশ্চিত। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক দায়েরকৃত মামলায় অধিকাংশ সন্ত্রাসীদের গ্রেফতার না হওয়া ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের কোন সন্ত্রাসীকে গ্রেফতার না করায় ফেডারেশন শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নিরাপত্তাহীনতার জন্যে গভীরভাবে উদ্বিগ্ন। পরিস্থিতি পর্যালোচনা করে ফেডারেশন আগামী ১০, ১১ ও ১২ অক্টোবর সকল বিশ্ববিদ্যালয়ে পূর্ণ কর্মবিরতি ও ১২ অক্টোবর বিকেল চারটায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে সংবাদ সম্মেলনের পূর্ব ঘোষিত কর্মসূচি অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নেয়া হয়। তবে অবস্থার ইতিবাচক পরিবর্তনের প্রেক্ষিতে ১২ অক্টোবর প্রধানমন্ত্রীর সচিবালয়ের সম্মুখে অবস্থান ধর্মঘটের কর্মসূচি স্থগিত রাখার সিদ্ধান্ত হয়। খবর বিজ্ঞপ্তি।